সংবাদ

349



তারিখ ১৮।১১।৮১
পৃষ্ঠা

**মোট প্রদত্ত ভোট ৫৫.৪৭ % ।। সাত্তার ৬৫.৮ % ।। কামাল ২৬.৩৫%**

# বিচারপতি সাত্তারকে বেসরকারীভাবে রাষ্ট্রপতি নির্বাচিত ঘোষণা


বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রার্থী অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি আবদুস সাত্তার গত রোববার অনুষ্ঠিত রাষ্ট্রপতি নির্বাচনে বিপুল ভোটে বিজয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের ডঃ কামাল হোসেনকে ৮৫ লাখ ২২ হাজার ৭১৭ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। নির্বাচন কমিশন কর্তৃক গতকাল মঙ্গলবার বেসরকারীভাবে ঘোষিত ফলাফলে একথা জানা গেছে।

রোববারের রাষ্ট্রপতি নির্বাচনে সারাদেশে মোট ভোট পড়েছে ২ কোটি ১৬ লাখ ৭ হাজার ২৫৩টি।

তন্মধ্যে, বিচারপতি সাত্তার পেয়েছেন ১কোটি ৪২ লাখ ১৭ হাজার ৬০১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগের ডঃ কামাল হোসেন পেয়েছেন ৫৬ লাখ ৯৪ হাজার ৮৮৪ ভোট।

এবারের রাষ্ট্রপতি নির্বাচনে ভোট পড়েছে ৫৫ দশমিক ৪৭ শতাংশ। মোট প্রদত্ত ভোটের শতকরা ৬৫ দশমিক ৮ ভাগ পেয়েছেন বিএনপি প্রার্থী বিচারপতি সাত্তার। আর ডঃ কামাল হোসেন পেয়েছেন মোট প্রদত্ত ভোটের শতকরা ২৬ দশমিক ৩৫ ভাগ।

প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে, এবারের রাষ্ট্রপতি নির্বাচনে মোট প্রার্থীর সংখ্যা ছিল ৩৯। কিন্তু পরে, ৮জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়া-



লেন। ফলে শেষপর্যন্ত প্রার্থীর সংখ্যা দাঁড়ায় ৩১।

নির্বাচন কমিশনের মতে, অন্যান্য প্রার্থীর মধ্যে স্বতন্ত্র প্রার্থী মওলানা মুহাম্মদুল্লাহ হাফেজ্জী হুজুর এবারের রাষ্ট্রপতি নির্বাচনে তৃতীয় স্থান অধিকার করেছেন। তিনি পেয়েছেন ৩ লাখ ৮৭ হাজার ২১৫ ভোট। অর্থাৎ মোট প্রদত্ত ভোটের ১ দশমিক ৭৯ শতাংশ।

নাগরিক কমিটির প্রার্থী জেনারেল (অবঃ) এম. এ. জি. ওসমানী পেয়েছেন ৩লাখ ২ হাজার ৩ ভোট (১.৪ )।

ত্রিদলীয় ঐক্যজোটের প্রার্থী মেজর (অবঃ) এম. এ জলিল পেয়েছেন ২ লাখ ৪৯ হাজার ৩৪০ ভোট (১.১৫৪ )।

প্রগতিশীল গণতান্ত্রিক ফ্রন্টের প্রার্থী ন্যাপের অধ্যাপক মোজাফ্ফর আহমদ ২ লাখ ২৪ হাজার ৭৬৬ ভোট পেয়েছেন (১.০৪ )

সাম্যবাদী দলের মোহাম্মদ তোয়াহা পেয়েছেন ৩৬ হাজার ৩৫৬ ভোট এবং পিপলস লীগের ডঃ আলীম আল রাজী পেয়েছেন ১৯ হাজার ৮৯০ ভোট, আই ডি এল-এর মওলানা আবদুর রহিম ১৬ হাজার ৩৯৭ ভোট, একমাত্র মহিলা প্রার্থী সেলিনা মজুমদার পেয়েছেন ১২ হাজার ৮৪১ ভোট। সংখ্যালঘু প্রার্থী মনোরঞ্জন দাস পেয়েছেন ১১ হাজার ৪৩৩ ভোট।

অন্যান্য প্রার্থীর মধ্যে আলহাজ গোলাম মোরশেদ ৭৬ হাজার ৩০৪ ; জনাব সালেহ উদ্দিন আহমেদ চৌধুরী ৫৩ হাজার ৬০৬, জনাব ছয়ফুর রহমান ৫৩ হাজার ৮০ ; আবদুর রহমান খান ৩৭ হাজার ৪৩, আলহাজ মওলানা শেখ মোহাম্মদ ওবায়দুল্লা

## রাষ্ট্রপতি নির্বাচিত ঘোষণা

(১ম পাতার পর)

বিন জালালাবাদী ৩৬ হাজার ২৩৫ ; সৈয়দ শামসুর রহমান ৩২ হাজার ৮২ ; আলহাজ মওলানা খাইরুল ইসলাম যশোরী ২২ হাজার ৯৪ ; আফতাবউদ্দিন শেখ ২১ হাজার ৯০৬ ; সিরাজুল ইসলাম ১৫ হাজার ৭৬৮ ; মোঃ সাদেক মিঞা ১৫ হাজার ৬৭৬ ; মোঃ আবদুল জব্বার ১৩ হাজার ৩৪২ ; আলী হোসেন আকতার ১১ হাজার ৫০৪, মোঃ জিল্লুর রহমান ১১ হাজার ৮০, শাহজাহান চৌধুরী ৯ হাজার ২৮, খান নুরুল ইসলাম ৬ হাজার ৫৯৫ ; মোঃ আকরাম হোসেন মোল্লা ৬ হাজার ৯১৫, এবিএ মসিহউদ্দোলাহ ৪ হাজার ৮৩৩, মোহাম্মদ রওশন আলী ৪ হাজার ৪৪৭, সিদ্দিকুর রহমান ভুইয়া ২ হাজার ৪৮৩ এবং কাজী মোঃ শাহজাহান ২ হাজার ১১০ ভোট। খবর বাসস পরিবেশিত।